সৃজনশীল বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

মুজিব শতবর্ষ ১০০

৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.১৯.০৩০ (১-৩)

২১ মাঘ ১৪২৭
৪ ফেব্রুয়ারি ২০২১

# সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : জানুয়ারি ২০২১

**০১। ২০২১ শিক্ষাবর্ষের ভর্তি সংক্রান্ত কার্যক্রম :** শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রণীত নীতিমালা ও পাঠ্যক্রম অনুযায়ী জেলা শিল্পকলা একাডেমির ২০২১ শিক্ষাবর্ষে শিশু বিভাগের আওতাধীন সংগীত, নৃত্য ও চারুকলা এবং সাধারণ বিভাগের আওতাধীন সংগীত, নৃত্য, চারুকলা, আবৃত্তি, নাটক ও তবলা বিষয়ে ভর্তির আবেদন আহ্বানপূর্বক আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি কার্যক্রম চলছে। এখানে উল্লেখ্য যে, করোনা পরিস্থিতির কথা বিবেচনায় রেখে এ বছর ভর্তি পরীক্ষা নেয়া হয়নি।

**০২। অসচ্ছল সংস্কৃতিসেবীদের প্রাপ্ত ভাতা EFT এর মাধ্যমে প্রদান সংক্রান্ত কার্যক্রম :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে ২০১৯-২০২০ অর্থবছরে যেসকল অসচ্ছল সংস্কৃতিসেবীগণ (মৃত ব্যতিত) ইতোমধ্যে ভাতা প্রাপ্ত হয়েছেন সেসকল সংস্কৃতিসেবীদের চলতি ২০২০-২০২১ অর্থবছরে পুনরায় EFT এর মাধ্যমে ভাতা প্রদানের লক্ষ্যে নির্ধারিত ছক অনুযায়ী তথ্যাদি ১৮ জানুয়ারি ২০২১ তারিখে জেলা প্রশাসক সিলেট বরাবরে প্রেরণ করা হয়।

**০৩। কোর্স সমাপনী পরীক্ষা ২০২০ সংক্রান্ত কার্যক্রম :** শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে জেলা শিল্পকলা একাডেমির শিশু ও সাধারণ বিভাগের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণরত চূড়ান্ত বর্ষের শিক্ষার্থীদের কোর্স সমাপনী পরীক্ষা ২০২০ স্বাস্থ্যবিধি মেনে গ্রহণপূর্বক ২৪ জানুয়ারি ২০২১ তারিখ ফলাফল প্রকাশ করা হয়।

**০৪। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমান পরিস্থিতি বিবেচনায় রেখে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে প্রশিক্ষণার্থীদের সুরক্ষিত রাখার লক্ষ্যে ৩০ এপ্রিল ২০২০ থেকে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ ক্লাস শুরু হয়ে ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিচালিত হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের ব্যবস্থাপনা ও উদ্যোগে দেশের প্রথম সিলেট থেকে এই অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমটি শুরু হয়। শিশু ও সাধারণ বিভাগের প্রায় এক হাজার শিক্ষার্থীর অংশগ্রহণে একটি নির্ধারিত ফেসবুক গ্রুপে এই প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হয়ে আসছে। প্রশিক্ষক ও শিক্ষার্থীরা এই সংকটময় মুহূর্তেও প্রণীত সময়সূচি অনুযায়ী বাসা থেকেই কেউ ক্লাস পরিচালনা কিংবা কেউ ক্লাস গ্রহণ করছেন। ২০২১ শিক্ষাবর্ষের প্রশিক্ষণ ক্লাস ১ ফেব্রুয়ারি থেকে শুরু হবে।

**০৫। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। করোনা সংকট জনিত কারণে স্বাস্থ্যবিধি মেনে বর্তমানে সীমিত পরিসরে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. অনলাইন ক্লাসের লিংক
www.facebook.com/groups/620817121803769/

০৪/০২/২০২১

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।